

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯০৬

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৫. মাসাকাত বা বিনিময়ে তত্ত্বাবধান ও ইজারাহ বা ভাড়া বা ঠিকায় সম্পাদন - অংশ নির্ধারণ করে বর্গা দেয়া

আরবী

عَنِ ابْنِ عُمَرَ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ عَامَلَ أَهْلَ خَيْبَرَ بِشَطْرِ مَا يَخْرُجُ مِنْهَا مِنْ ثَمَرٍ أَوْ زَرْعٍ. مُتَّفَقٌ عَلَيْهِ وَهُمْ بِهَا عَلَى أَنْ يَكُفُوا عَمَلَهَا وَلَهُمْ نِصْفُ الثَّمَرِ فَقَالَ لَهُمْ وَفِي رِوَايَةٍ لَهُمَا: فَسَأَلُوا أَنْ يُقِرَّهُمْ بِهَا عَلَى أَنْ يَكُفُوا عَمَلَهَا وَلَهُمْ نِصِفُ الثَّمَرِ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «نُقِرُّكُمْ بِهَا عَلَى ذَلِكَ مَا شِئْنَا» , فَقَرُّوا بِهَا, حَتَى أَجْلَاهُمْ عُمَرُ

وَلِمُسْلِمٍ: أَنَّ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ دَفَعَ إِلَى يَهُودِ خَيْبَرَ نَخْلَ خَيْبَرَ وَلَهُ وَلِمُسْلِمٍ: أَنْ يَعْتَمِلُوهَا مِنْ أَمْوَالِهِمْ, وَلَهُ شَطْرُ ثَمَرِهَا

صحيح. رواه البخاري (2329)، ومسلم (1551) (1) رواه البخاري (2338)، ومسلم (1551) (6) وزادا: إلى تيماء وأريحاء رواه مسلم (1551) (5) ووقع في «أ»: «ولهم» بدل: «وله». وعند مسلم: «ولرسول الله _صلى الله عليه وسلم_ شطر ثمرها». وأيضنًا البخاري (2331) بنحوه

বাংলা

৯০৬. ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহুদীদের সঙ্গে উৎপাদিত ফল কিংবা ফসলের অর্ধেক শর্তে খায়বারের জমি বর্গ দিয়েছিলেন।

উক্ত সহীহ দ্বয়ের অন্য বর্ণনায় আছে- তখন ইয়াহুদীরা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে



অনুরোধ করল যেন তাদের সে স্থানে বহাল রাখা হয় এ শর্তে যে, তারা সেখানে চাষাবাদের দায়িত্ব পালন করবে; আর ফসলের অর্ধেক তাদের থাকবে। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বললেন, আমরা এ শর্তে তোমাদের এখানে বহাল থাকতে দিব যতদিন আমাদের ইচ্ছা। কাজেই তারা সেখানে বহাল রইল। অবশেষে 'উমার (রাঃ) তাদেরকে নির্বাসিত করে দেন।[1]

মুসলিমে আছে- উৎপন্ন ফল ও শস্যের অর্ধেকের বিনিময়ে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বারের ইহুদীদেরকে সেখানকার খেজুর বাগান ও আবাদী জমি তাদের নিজ ব্যয়ে আবাদ করার দায়িত্ব অর্পণ করেছিলেন।

ফুটনোট

[1] বুখারী এবং মুসলিমের বর্ণনায় আরো রয়েছে, অবশেষে 'উমার (রাঃ) তাদেরকে তাইমা ও আরীহায় নির্বাসিত করে দেন। বুখারী ২২৮৬, ২৩২৮, ২৩২৯, ২৩৩১, ২৩৩৮, ২৪৯৯, মুসলিম ১৫৫১, তিরমিয়ী ১৩৮৩, নাসায়ী ৩৮৬৩, ৩৮৬৪, ৩৮৬৫, আবূ দাউদ ৩০০৮, ৩৩৯৩, ৩৩৯৪, ইবনু মাজাহ ২৪৫৩, ২৪৬৭, ৪৪৯০, ৪৬৪৯, ৪৭১৮, মুওয়াত্তা মালেক ১৪১৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন